



## স্বাস্থ্যসেবা জনগণের দোরগোড়ায় নিতে নির্দেশ প্রধানমন্ত্রীর



ইউএইচএফপিও সম্মেলনে যোগ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি : পিএমও

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাদের (ইউএইচএফপিও) সম্মেলনে অংশ নিয়ে তৃণমূল পর্যায়ে স্বাস্থ্যসেবা আরও শক্তিশালী করার ওপর জোর দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। শনিবার রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে আয়োজিত এ সম্মেলনে তিনি মাঠপর্যায়ের চিকিৎসকদের ভূমিকা ও দায়িত্ব নিয়ে দিকনির্দেশনা দেন।

স্বাস্থ্যসেবাকে মানুষের দোরগোড়ায় পৌঁছে দিতে উপজেলা পর্যায়ের কার্যক্রম আধুনিকায়ন, সেবার মান বৃদ্ধি এবং সরকারি নির্দেশনা দ্রুত বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করা হয়। একই সঙ্গে চিকিৎসকদের কাজের পরিবেশ, সেবা ব্যবস্থার চ্যালেঞ্জ এবং করণীয় বিষয় নিয়েও আলোচনা হয়। সম্মেলনে স্বাস্থ্যসেবা বিভাগের সচিব, স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালকসহ উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে জরুরি সেবা খাতে অবদানের জন্য ছয়জন চিকিৎসককে সম্মাননা দেন প্রধানমন্ত্রী। পাশাপাশি উপজেলা স্বাস্থ্য কর্মকর্তাদের সঙ্গে এটিই তার প্রথম সরাসরি বৈঠক, যা মাঠপর্যায়ের স্বাস্থ্য ব্যবস্থাপনায় নতুন গতি আনবে বলে সংশ্লিষ্টরা মনে করছেন।